

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৩৫৬

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

### আরবী

وَعَن عَليّ قَالَ: نَهَانِي رَسُولُ اللّهِ صلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ خَاتَمِ الذَّهَبِ وَعَنْ لُبُسِ الْقَسِّيّ وَالْمَيَاثِرِ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاؤُدَ وَالنَّسَائِيُّ وَابْنُ مَاجَهُ وَفِي رِوَايَة لأبي دَاؤُد قَالَ: نهى عَن مياثر الأرجوان

#### বাংলা

৪৩৫৬-[৫৩] 'আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে স্বর্ণের আংটি, রেশমের জামা পরিধান এবং গদি ব্যবহার করতে নিষেধ করেছেন। (তিরমিয়ী, আবূ দাউদ, নাসায়ী ও ইবনু মাজাহ)[1]

আবূ দাউদ-এর অপর এক রিওয়ায়াতে বলেনঃ ''আমাকে উর্জুওয়ান (অত্যধিক লাল বর্ণের) গদি ব্যবহার করতে নিষেধ করেছেন।''

## ফুটনোট

[1] সহীহ: তিরমিয়ী ২৮০৮, নাসায়ী ৫১৬৬, ৫১৮৪; আবূ দাউদ ৪০৫১, ইবনু মাজাহ ৩৬৫৪, সিলসিলাতুস্ সহীহাহ্ ২৩৯৬, মুসান্নাফ 'আবদুর রায্যাক ৬২৩৮, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ২৫২৪০, তাহকীক মুসনাদে আহমাদ ১১১৩, মুসনাদে আবূ ইয়া'লা ৬০৫, সহীহ ইবনু হিব্বান ৫৪৩৮।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ স্বর্ণের আংটি পরা পুরুষদের জন্য হারাম, নারীদের জন্য হারাম নয়। কারণ নারীদের জন্য স্বর্ণ ব্যবহার হালাল কিন্তু পুরুষদের জন্য হারাম। কিসসী পোশাক বলতে মূলত রেশমী সূতা দ্বারা সেলাই করা কাপড়কে বুঝায়। (قَسْتِی) কিসসী মূলত মিসরের একটি অঞ্চলের নাম। ঐ স্থান থেকে এ কাপড়গুলো আনা হয় বিধায়



এগুলো কিস্পী কাপড় নামে প্রসিদ্ধ হয়েছে। হাদীসে উল্লেখিত "আল মায়াসির" হলো "আল মীসারাহ্" শব্দের বহুবচন। এর দ্বারা উদ্দেশ্য হচ্ছে আরোহী ব্যক্তি তার বসার গদির উপরে ব্যবহার করে এমন এক ধরনের ছোট বালিশ। এটি যদি রেশমী কাপড় দ্বারা তৈরি করা হয় তাহলে তা ব্যবহার করা নিষেধ। সাধারণভাবে এ ধরনের বালিশ ব্যবহার করা বিলাসিতা ও সৌখিনতার নামান্তর। তাই হয়তো এগুলো হালকাভাবে নিষেধ করা হয়েছে। (মিরক্লাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন